



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (এইচএসটিটিআই)
কুয়েট, খুলনা।
ই-মেইল-hsttikhulna@yahoo.com
ওয়েবসাইট: www.hstti.khulna.gov.bd



স্মারক নং-উমাশিপ্রইখু/প্রপি-৫৪৩(৫)/২০২০/ ৬৯৩৮

তারিখ: ২৯/০১/২০২৪ খ্রি.

প্রাপক : সভাপতি/অধ্যক্ষ

..... কলেজ।(খুলনা বিভাগ)

বিষয় : উচ্চ মাধ্যমিক স্তরের কলেজ অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ/উপাধ্যক্ষগণের ২৮ তম শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা শীর্ষক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ প্রসংঙ্গে।

অত্র ইনস্টিটিউটে ১৪/০২/২০২৪ থেকে ০৪/০৩/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত অনুরোধে ২০ দিন মেয়াদি উচ্চ মাধ্যমিক স্তরের কলেজ অধ্যক্ষ/উপাধ্যক্ষগণের শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা শীর্ষক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য আগ্রহী প্রতিষ্ঠান প্রধানদের নিকট হতে অনলাইনে আবেদন গ্রহণ করা হচ্ছে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর স্মারক নং মাউশিপ্র/বা-উ/৫২৮, তারিখ: ১০/০১/১৯৯৯ খ্রি. মোতাবেক মহাপরিচালক, মাউশি এর অনুমতি ব্যতিরেকে কোন প্রশিক্ষণার্থী কোর্সে অনুপস্থিত থাকতে পারবেন না।

তিনি ১৩/০২/২০২৪ খ্রি. তারিখ বিকাল ০৫:০০ টার মধ্যে অত্র ইনস্টিটিউটের হোস্টেল সুপারের নিকট রিপোর্ট করবেন। ১৪/০২/২০২৪ খ্রি. তারিখ সকাল ০৯:০০ টায় নাম রেজিস্ট্রেশনের সময় (প্রশাসনিক ভবন, কক্ষ নং-২০৬) তিনি নিজ কলেজের গভর্নিং বডি'র সভাপতি/অধ্যক্ষ প্রদত্ত ছাড়পত্র, দুই কপি ছবি, নিজের ও কলেজের ইনডেক্স, ইআইআইএন নম্বর অবশ্যই জমা দেবেন। প্রয়োজনীয় তথ্য সংগ্রহের জন্য তিনি প্রধান কোর্স সমন্বয়কারী প্রফেসর ড. শেখ মোহাম্মদুল হক, অতিরিক্ত পরিচালক (মোবা: ০১৭১১-৩৯৮৪৭৮ এবং কোর্স সমন্বয়কারীদ্বয় জনাব এস এম শওকত হোসেন উপ পরিচালক (মোবা: ০১৭১১-৭০৯৪৫৪) ও জনাব মুহাম্মদ আলী, সহকারী পরিচালক এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

উল্লেখ্য, যাদের বয়স ৫৭ বছর পূর্ণ হয়েছে এবং ইতিপূর্বে এইচএসটিটিআই, খুলনায় বিগত ০৩ (তিন) বছরের মধ্যে উক্ত বিষয়ে প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেছেন, তাদের এই কোর্সে অংশ গ্রহণের প্রয়োজন নেই।

প্রশিক্ষণকালে বিল প্রাপ্তির পূর্ব পর্যন্ত প্রাথমিক ব্যয় নির্বাহের জন্য তাঁকে কমপক্ষে ৫,০০০/= (পাঁচ হাজার) টাকা সঙ্গে আনতে হবে।

আগ্রহী অধ্যক্ষ/ উপাধ্যক্ষকে আগামী ০৭/০২/২০২৪ খ্রিস্টাব্দের মধ্যে আবশ্যিকভাবে যেকোন ব্রাউজারে নিচের লিংকটি টাইপ করে এন্টার দিয়ে অথবা প্রতিষ্ঠানের ওয়েবসাইট www.hstti.khulna.gov.bd প্রবেশ করে প্রাপ্ত লিংকে ক্লিক করে আবেদন ফরমটি পূরণ করে অংশগ্রহণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

আবেদনের লিংকঃ

<https://forms.gle/kna7UYJ8agRFxB4m8>

(ড. মো. আতিকুল ইসলাম পাঠান)
পরিচালক, নায়েম, শিক্ষা মন্ত্রণালয়

ও

পরিচালক(প্রেষণে)
এইচএসটিটিআই, খুলনা।

স্মারক নং-উমাশিপ্রইখু/প্রপি-৫৪৩(৫)/২০২০/ ৬৯৩৮(৪)

তারিখ: ২৯/০১/২০২৪ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো-

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, খুলনা।
- ৪। সংরক্ষণ নথি।

মুহাম্মাদ আলী (০২২৪৪২)

সহকারী পরিচালক

এইচএসটিটিআই, খুলনা।

মোবাইল: ০১৭১২-৭৫৭৫০০

ইমেইল: mdali3009@gmail.com